গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিকল্পনা মন্ত্রণালয়

বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

যোগাযোগ ও স্থানীয় সরকার সেক্টর

চূড়ান্ত প্রতিবেদন-২০১২

"উপজেলা ও ইউনিয়ন সড়কে পোর্টেবল স্টীল ব্রীজ নির্মাণ (২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ (In-depth Monitoring)

প্রকৌশলী শৈলেন্দ্র নাথ সরকার

সিনিয়র সিভিল ইঞ্জিনিয়ার

ব্যক্তি পরামর্শক. আইএমইডি।

নির্বাহী সারসংক্ষেপ (Executive Summary)

বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, সরকারের গণখাতে বাস্তবায়িত প্রকল্প সমূহ পরিবীক্ষণ ও মূল্যায়ন করে থাকে, যাতে সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও বাস্তবায়নকারী সংস্থাগুলো সমন্বয়ের মাধ্যমে প্রকল্প যথাযথ বাস্তবায়নে সময়চিত পদক্ষেপ গ্রহণ করতে পারে। প্রকল্প পরিবীক্ষণের মাধ্যমে আইএমইডি প্রকল্পের প্রকৃত বাস্তবায়ন অগ্রগতি, কাজের গুণগত মান এবং বাস্তবায়নে চিহ্নিত সমস্যাদি বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য সংশ্লিষ্ট সংস্থাকে অবহিত করে গ্রহণীয় পদক্ষেপ নেয়ার পরামর্শ দিয়ে থাকে।

আইএমইডি সকল এডিপিভূক্ত প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণের পাশাপাশি ২০০৪ সাল থেকে এডিপি ভূক্ত সীমিত সংখ্যক প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ করে আসছে । একই ধারাবাহিকতায় চলতি ২০১১-২০১২অর্থ বৎসরের রাজস্ব বাজেটের আওতায় এডিপিভূক্ত " উপজেলা ও ইউনিয়ন সড়কে পোর্টেবল স্টীল ব্রীজ নির্মাণ (২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্পের নিবিড় পরিবীক্ষণের উদ্যোগ নেয়া হয়েছে । এ লক্ষ্যে যথাযথ প্রক্রিয়ার মাধ্যমে সিনিয়র সিভিল ইঞ্জিনিয়ার শৈলেন্দ্র নাথ সরকারকে প্রকল্পের নিবিড় পরিবীক্ষণের নিমিত্ত ব্যক্তি পরামর্শক হিসাবে নিয়োগ দান করা হয়েছে। তৎপ্রেক্ষিতে পরামর্শকের কার্যপরিধি (TOR) মোতাবেক নিবিড় পরিবীক্ষণের কাজ পরিচালিত হয়েছে।

"উপজেলা ও ইউনিয়ন সড়কে পোর্টেবল স্টীল ব্রীজ নির্মাণ (২য় সংশোধিত)"শীর্ষক প্রকল্পের নিবিড় পরিবীক্ষণের উদ্দেশ্য হচ্ছে, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন এই প্রকল্পের প্রকৃত অগ্রগতি নিরুপন করা, প্রকল্প বাস্তবায়নে সমস্যাদি চিহ্নিত করা, ইতোমধ্যে বাস্তবায়িত অবকাঠামো সমূহের সুফল সম্পর্কে ধারণা নেয়া এবং চিহ্নিত সমস্যার আলোকে সুপারিশ প্রদান করা ।

উপরোক্ত উদ্দেশ্যের প্রতি লক্ষ্য রেখে প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ কার্যক্রম পরিচালিত হয়েছে। চুক্তির শর্তানুসারে পরিবীক্ষণ কার্যক্রম ৩ (তিন) মাসের মধ্যে সমাপ্তির বিধান ছিল । তবে এ কাজ ৩ (তিন) মাসের মধ্যে শেষ করা সুকঠিন। পরামর্শকের কার্যপরিধি অনুসারে তার কাজ হচ্ছে "উপজেলা ও ইউনিয়ন সড়কে পোর্টেবল স্টীল ব্রীজ নির্মাণ (২য় সংশোধিত) " শীর্ষক প্রকল্প এলাকায় ১৭টি জেলার মধ্যে ১২টি জেলায় প্রকল্পভূক্ত স্টীল ব্রীজ এবং আরসিসি ব্রীজের কাজ সরজমিন পরিদর্শন করে প্রকল্পের খাতওয়ারী ভৌত ও আর্থিক অগ্রগতি যাচাই করা, নির্মিত/নির্মানাধীন সেতুগুলোর আইটেমওয়ারী কৃতকাজের পরিমাণ নিরুপণ করা, প্রকল্পের কাজ বাস্তবায়নে সার্বিক সমস্যাদি চিহ্নিত করা এবং এ সমস্যাদি নিরসনে পদক্ষেপ গ্রহনের সুপারিশ করা, ডিপিপিতে উল্লেখিত সেতুসমূহ যথাস্থানে নির্মিত হচ্ছে কিনা যাচাই করা, বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক দাখিলকৃত অগ্রগতির প্রতিবেদন মাঠপর্যায়ের বাস্তব অগ্রগতির সহিত যাচাই করা, পিপিআর অনুসরণ করে ক্রয় কার্যক্রম পরিচালিত হয়েছে কিনা পরীক্ষা করা, প্রকল্প বাস্তবায়নে সার্বিক পর্যালোচনার মাধ্যমে চিহ্নিত সমস্যার বিপরীতে সমাধানের সুপারিশ করা

ইত্যাদি। TOR অনুসারে পরামর্শকের পরিবীক্ষণ কার্যক্রমের জন্য ১২টি জেলা হচ্ছে, মুন্সিগঞ্জ, মানিকগঞ্জ, গোপালগঞ্জ, নারায়নগঞ্জ, রাজবাড়ী, ফরিদপুর, চাঁদপুর, নাটোর, সিরাজগঞ্জ, পাবনা, বগুড়া ও লক্ষ্মীপুর।

গত ২২জানুয়ারী ২০১২তারিখে চুক্তিপত্র স্বাক্ষরিত হওয়ার সাথে সাথে তথ্য সংগ্রহকারীদের সহযোগে নিবিড় পরিবীক্ষণ কার্যক্রম শুরু করা হয়। নিবিড় কার্যক্রমের মূল উদ্দেশ্য এবং পরামর্শকের কার্যপরিধি(TOR) এর প্রতি লক্ষ্য রেখে কার্যক্রমের প্রারম্ভিক প্রতিবেদন (Inception Report) আইএমইডি এর অনুমোদন ক্রমে মাঠ পর্যায়ে প্রকল্প এলাকা পরিদর্শণ কার্যক্রম চালানো হয় । ইন্সেপশন রিপোর্ট এ উল্লেখিত Methodology অনুসরণ করেই নিবিড় পরিবীক্ষণ কার্যক্রম পরিচালনা করা হয়েছে। এলজিইডি এর প্রধান প্রকৌশলী জনাব ওয়াহিদুর রহমান এর সহিত তাঁর দপ্তরে আলোচ্য কার্যক্রম নিয়ে আলোচনা করা হয় এবং তিনি তাঁর দপ্তর হতে এ বিষয়ে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের আশ্বাস দেন। প্রকল্প পরিচালক জনাব আবুল বাশার এবং তাঁর দপ্তরে সিনিয়র সহকারী প্রকৌশলী সহ অন্যান্য কর্মকর্তা/কর্মচারীদের সহিত প্রকল্পের বিভিন্ন দিক নিয়া আলোচনা করা হয় । তাঁর দপ্তর হতে প্রকল্পের ডিপিপি সহ হালনাগাদ জেলাওয়ারী প্রকল্পের ভৌত ও আর্থিক অগ্রগতির প্রতিবেদন সংগ্রহ করা হয় । প্রকল্প পরিচালক তাঁর দপ্তর হতে নিবিড় পরিবীক্ষনের বিষয়ে প্রয়োজনীয় সার্বিক সহযোগীতা প্রদানের আশ্বাস দেন। "উপজেলা ও ইউনিয়ন সড়কে পোর্টেবল স্টীল ব্রীজ নির্মাণ (২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্পের নিবিড় পরিবীক্ষণের জন্য চুক্তি পত্রে উল্লেখিত কার্যপরিধি মোতাবেক আইএমইডি এর যোগাযোগ ও স্থানীয় সরকার সেক্টরের উপ-পরিচালক,জনাব মুহাম্মদ জহুরুল ইসলাম পরিচালক, জনাব মোঃ জাহাঙ্গীর আলম এবং মহাপরিচালক জনাব মোঃ হাসানুর রহমান এঁর সহিত কাজের ব্যাপ্তি সতর্কতার সাথে পর্যালোচনা করে কাজ শুরু করা হয়। আলোচ্য প্রকল্পটি ঢাকা, রাজশাহী ও চট্টগ্রাম বিভাগের ১৭টি জেলার ৬৭টি উপজেলায় বাস্তবায়ীত হচ্ছে। জেলাগুলোর তালিকা ১৩ নং পৃষ্ঠায় ক্রমিক নং-৪ এ দেয়া আছে। প্রকল্পটি যৌথ ভাবে জাপানি অনুদান ৮৬৪৯.৫৯ লক্ষ টাকা এবং জিওবি অর্থায়ন ২২০৪৮.৪১ লক্ষ টাকা সহ সর্বমোট ৩০৬৯৮.০০ লক্ষ টাকায় বাস্তবায়ীত হচ্ছে। প্রকল্প মেয়াদ ২০০৫-২০০৬ইং হতে ২০১২-২০১৩ পর্যন্ত ধরা হয়েছে। প্রকল্পে সর্বমোট ১৪৭টি ব্রীজ নির্মাণ করা হবে। এর মধ্যে ৯৬টি স্টীল ব্রীজ (৪৮৫৫মিঃ) যার সুপারস্ট্রাকচার অর্থাৎ (স্টীল ডেক, স্থাপন সহ) জাপানি অনুদানে সরবরাহ করা হয়েছে। এই ৯৬টি ব্রীজের সাবস্ট্রাকচার এবং বাঁকী ৫১টি সম্পূর্ণ আরসিসি ব্রীজ (৩১৪৯মি) জিওবি অর্থায়নে নির্মাণ করা হবে। TOR অনুসারে নিয়োজিত পরামর্শক প্রকল্প এলাকার ১৭টি জেলার মধ্যে ১২টি জেলায় বাস্তবায়ীত/বাস্তবায়নাধীন ব্রীজের কাজ পরিদর্শন করেছেন। পরিদর্শনকৃত জেলাগুলোর তালিকা পৃঃ নং ১১-১২ তে ৩ নং ক্রমিকে পরামর্শকের কার্য পরিধিতে উল্লেখ করা হয়েছে। ১২টি জেলায় মোট ৮৩টি স্টীল ব্রীজ (৪৩০০মি;) এবং ৩৫টি আরসিসি ব্রীজ(২১৭৭মিঃ) অর্থাৎ ১৮৮ব্রীজ এর কাজ সরজমিন পরিদর্শন করা হয়েছে। পরিদর্শণকৃত এ ১১৮টি ব্রীজের মধ্যে ২৩টি আরসিসি ব্রীজের কাজ চলমান আছে (বিস্তারিত পৃ:নং -৪১ ক্র:নং-৪.০তে সংযোজন করা আছে)।